কোটচাঁদপুরের মাহবুবা জেনারেল হাসপাতাল ও ডায়াগনস্টিকের পথ চলা শুরু

নতুন ব্যবস্থাপনায় পথচলা শুরু করলেন কোটচাঁদপুর মাহবুবা জেনারেল হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টার। মানুষকে সেবা দেওয়ায় হবে,আমাদের লক্ষ্য বললেন হাসপাতালের ব্যবস্থাপক শম্ভু নন্দি।

জানা যায়, কোটচাঁদপুর বলুহর বাসস্ট্যান্ডে অবস্থিত মাহবুবা জেনারেল হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার। প্রতিষ্ঠার পর থেকে প্রতিষ্ঠানটি বেশ কয়েকবার চালু করা হয়। এরপর কিছু দিন চলার পর আবারও বন্ধ হয়ে যায়।

শুক্রবার দুপুরে নতুন ব্যবস্থাপনায় আবারও হাসপাতালটি আবারও শুভ উদ্বোধন করা হয়েছে। উদ্ভোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন,কোটচাঁদপুর পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রিপন মন্ডল কাউন্সিলর আব্দুল মাজেদ,উপজেলা কৃষক লীগের সাবেক আহবায়ক শাহাজাহান আলী, যুগ্ম সম্পাদক রফি উদ্দিন মল্লিক।

এ সময় হাসপাতালের নতুন ব্যবস্থাপক শম্ভু নন্দি বলেন,দীর্ঘদিন প্রতিষ্ঠানটি বন্ধ ছিল। এখন আবার চালু করা হল। আর চলতে হলে আপনাদের সবার সহযোগিতা আমার একান্ত কাম্য। আপনারা সহযোগিতা করলে প্রতিষ্ঠানটি দাড়াতে পারলে।

তিনি বলেন,মানুষকে সেবা দেওয়ার মানুষিকতা নিয়ে প্রতিষ্ঠানটি চালু করা হল। আপনাদের সেবায় আমার মূল লক্ষ্য। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন কোটচাঁদপুর উপজেলা যুবলীগের সাবেক দপ্তর সম্পাদক নারায়ণ ভট্রাচার্য।